আইপিএলে প্লে-অফে যে চার দল, দেখে নিন সূচি

ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে (আইপিএল) তিন দল প্লে-অফ নিশ্চিত নিশ্চিত করেছিল আগেই।

চতুর্থ দল হিসেবে কলকাতা নাইট রাইডার্সের অপেক্ষা ছিল মুম্বাই বনাম হায়দরাবাদের ম্যাচটির জন্য।

গাণিতিক হিসেবে টিকে ছিলো বর্তমান চ্যাম্পিয়ন মুম্বাই ইন্ডিয়ানসের সম্ভাবনা। প্রথমে টস জিততে হবে মুম্বাইকে। এরপর আগে ব্যাট করে ১৭১ রানের বিশাল ব্যবধানে জয় পেলেই কেকেআরকে হটিয়ে শেষ চারে খেলা নিশ্চিত হবে।

টস জয় ও ম্যাচ জয় দুটোতেই সফল হলেও হায়দরাবাদকে ৬৫ রানের মধ্যে বেধে ফেলতে পারেননি রোহিত শর্মা ও তার দল।

ফলে পয়েন্ট সমান সমান ১৪ হলেও ঝড়ে পড়তে হয়েছে মুম্বাইকে। নেট রানরেটের হিসেবে মুম্বাইকে পেছনে ফেলে সাকিবের কলকাতাই পেয়েছে প্লে-অফের টিকিট।

প্রথম পর্বের ১৪ ম্যাচে ২০ পয়েন্ট নিয়ে সবার ওপরে দিল্লি ক্যাপিট্যালস। সমান ১৮ পয়েন্ট করে রয়েছে দুই দল রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরু ও চেন্নাই সুপার কিংসের। তবে নেট রানরেটে এগিয়ে থাকায় দুই নম্বরে চেন্নাই আর তিনে ব্যাঙ্গালুরু। আর মুম্বাইয়ের সমান ১৪ পয়েন্ট নিয়েও চার নম্বর জায়গা দখল করেছে কলকাতা।

রোববার থেকে শুরু হবে প্লে-অফ রাউন্ড। যেখানে কোয়ালিফায়ার-১ ম্যাচে মুখোমুখি হবে টেবিলের শীর্ষে থাকা দুই দল চেন্নাই ও দিল্লি। পরদিন এলিমিনেটর ম্যাচে লড়বে তিনে থাকা ব্যাঙ্গালুরু ও চার নম্বরে থাকা কলকাতা।

কোয়ালিফায়ার-১ ম্যাচের জয়ী দল সরাসরি চলে যাবে ফাইনালে। হেরে যাওয়া দলটি বাদ পড়বে না। তারা অপেক্ষায় থাকবে এলিমিনেটর ম্যাচের জয়ী দলের। এ দুই দলের মধ্যে হবে কোয়ালিফায়ার-২’র লড়াই হবে। সেই ম্যাচের জয়ী দল পাবে ফাইনালের দ্বিতীয় টিকিট।

আগামী ১৫ অক্টোবর হবে এবারের আসরের ফাইনাল ম্যাচ।

আইপিএল প্লে-অফের সূচি

প্রথম কোয়ালিফায়ার
১০ অক্টোবর – দিল্লি ক্যাপিট্যালস বনাম চেন্নাই সুপার কিংস (রাত ৮টা)

এলিমিনেটর
১১ অক্টোবর – রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরু বনাম কলকাতা নাইট রাইডার্স (রাত ৮টা)

দ্বিতীয় কোয়ালিফায়ার
১৩ অক্টোবর – এলিমিনেটর জয়ী বনাম প্রথম কোয়ালিফায়ার পরাজিত দল (রাত ৮টা)

ফাইনাল
১৫ অক্টোবর – প্রথম কোয়ালিফায়ার জয়ী বনাম দ্বিতীয় কোয়ালিফায়ার জয়ী (রাত ৮টা)

মাঠেই রেফারিকে ‘হত্যাচেষ্টা’! আসামি ব্রাজিলের ফুটবলার

ম্যাচে রেফারিকে ধাক্কা মেরে মাঠে ফেলে দিয়েই ক্ষান্ত হননি খেলোয়াড়। রেফারির মাথায় লাথিও মারেন। গুরুতর আহত হয়ে রেফারিকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

ব্রাজিলের অভ্যন্তরীণ এক লিগে ক্লাব গুয়ারানির বিপক্ষে সোমবার এমন কাণ্ড ঘটান সাও পাওলো স্পোর্ট ক্লাবের ব্রাজিলিয়ান ফুটবলার উইলিয়াম রিবেইরো।

আর এই ঘটনায় রিবেইরো বিরুদ্ধে হত্যাচেষ্টার অভিযোগ এনে মামলা দায়ের করা হয়েছে। পাশাপাশি রিবেইরোকে বরখাস্ত করেছে তার ক্লাব।

রিবেইরোর এমন কাণ্ড ক্ষমার অযোগ্য অপরাধ জানিয়ে তার ক্লাব সাও পাওলো বলেছে ‘ক্লাবের ইতিহাসের সবচেয়ে দুঃখজনক ঘটনা ঘটল। রিবেইরোকে বরখাস্ত করেছি আমরা। তার বিরুদ্ধে আরও কী পদক্ষেপ নেওয়া যায়, সেটি খতিয়ে দেখছি।’

এদিকে হত্যামামলার বিষয়ে এক কর্মকর্তা স্থানীয় সংবাদমাধ্যম ইউওএল বলেন, মামলার বিষয়ে আমার উপলব্ধি, রিবেইরো প্রাণঘাতীর ঝুঁকি নিয়েছিল। তাই এই খেলোয়াড়টিকে হত্যাচেষ্টার অভিযোগে অভিযুক্ত করা হয়েছে।

উল্লেখ্য, ম্যাচের দ্বিতীয়ার্ধে চতুর্দশ মিনিটে উইলিয়াম রিবেইবোর বিপক্ষে ফাউলের বাঁশি বাজান রেফারি রদ্রিগো ক্রিভেলেরো। তাতেই ক্ষেপে যান এই ফুটবলার। রেফারিকে ধাক্কা মেরে ফেলে দেওয়ার পর মাথায় লাথি মারেন।

রেফারিকে আঘাতের পর খেলাটি স্থগিত হয়ে যায়। পরদিন মঙ্গলবার আবার খেলা হয়। যেখানে ১-০ গোলে জেতে গুয়ারানি।

বার্সার মেসিকে ছেড়ে দেওয়া নিয়ে বিস্ফোরক তথ্য দিলেন লা লিগা সভাপতি

লিওনেল মেসিকে কেন ধরে রাখতে পারেনি বার্সেলোনা তা নিয়ে বিস্ফোরক তথ্য দিয়েছেন লা লিগা সভাপতি হাভিয়ের তেবাস।

রিয়াল মাদ্রিদ সভাপতি ফ্লোরেন্তিনো পেরেজে প্রভাবিত হয়েই বার্সা সভাপতি লাপোর্তা মেসিকে দলে রাখতে পারেননি বলে দাবি করেছেন তেবাস।

তেবাসের মতে, ১৪০ কোটি ইউরো দেনার দায়ে ডুবতে বসা বার্সার সভাপতি সের্হিও আগুয়েরো ও মেম্ফিস ডিপাইকে দলে না টানায় মেসিকে ধরে রাখতে পারেননি।

স্প্যানিশ সংবাদমাধ্যমের সঙ্গে আলাপচারিতায় এমন সব বিস্ফোরক তথ্য দিয়ে লাপোর্তার সঙ্গে ফোনে কি কথা হয়েছিল জানান লা লিগা সভাপতি।

বলেন, আমার মতে, তারা মেসিকে ধরে রাখতে পারত। মেম্ফিস ও আগুয়েরোদের মতো খেলোয়াড়দের সই করান লাপোর্তা …এসব খেলোয়াড়কে সই না করালে তারা মেসিকে রাখতে পারত।’

উল্লেখ্য, গত আগস্টে বার্সা সভাপতি লাপোর্তা জানিয়েছিলেন, সিভিসি ক্যাপিটাল পার্টনার্সের (সিসিভি) কাছে লা লিগার ১০ শতাংশ ব্যবসা বিক্রির প্রস্তাবে রাজি হলে মেসিকে ধরে রাখা সম্ভব হতো।

এই চুক্তিতে রাজি না হওয়া নিয়ে তখন বার্সার সঙ্গে বিরোধ চলছিল লা লিগা সভাপতির।

তেবাসের দাবি, ওই চুক্তি করতে রাজি ছিলেন লাপোর্তা। রিয়াল সভাপতির প্ররোচনায় পড়ে চুক্তি করা থেকে পিছিয়ে গেছেন লাপোর্তা।

তেবাস বলেন, ‘লাপোর্তার বাসায় রাতের খাবার খেয়েছি। তখন তিনি সিভিসি চুক্তিতে রাজি ছিলেন। পরে লাপোর্তা আমাকে ফোন করে জানতে চান —“সিভিসি চুক্তি দ্রুত করা সম্ভব? ছেলেটা (মেসি) ভরসা পাচ্ছে না।” তাকে তখন বলি, এই (সিভিসি) বিষয়টি জনসমক্ষে আসলে ফ্লোরেন্তিনো তা বানচাল করার চেষ্টা করবে। লাপোর্তা তখন বললেন, না, সমস্যা নেই, আমি দৃঢ় থাকব। আসলে কোনো সন্দেহ নেই, এর পেছনে কলকাঠি নেড়েছেন ফ্লোরেন্তিনো।’

রিয়াল মাদ্রিদ সভাপতি ফ্লোরেন্তিনো পেরেজ বার্সা সভাপতিকে ফুসলিয়ে ওই চুক্তি করা থেকে বিরত রাখেন বলে দাবি তেবাসের।

প্রসঙ্গত, লা লিগার ১৭টি ক্লাব সিসিভির চুক্তিতে রাজি হয়ে বেশ কিছু অর্থ পেয়েছে। এর বিনিময়ে লা লিগার আয় (টিভি স্বত্বসহ) থেকে ১০ শতাংশ করে অর্থ আগামী ৫০ বছর নেবে সিভিসি। তবে রিয়াল মাদ্রিদ, বার্সেলোনা ও অ্যাথলেটিক বিলবাও সিভিসি চুক্তিতে রাজি হয়নি। যে কারণে এই তিন ক্লাবের আয়ে হাত দিতে পারবে না প্রতিষ্ঠানটি।

তবে এতে আর্থিক দৈন্যতা কাটেনি বার্সার। বার্সার সঙ্গে চুক্তির মেয়াদ শেষের পর ফ্রি এজেন্ট হয়ে পড়েন মেসি। লা লিগার বেঁধে দেওয়া বেতনসীমার মধ্যে থেকে মেসির চুক্তি নবায়ন করা সম্ভব হয়নি বার্সার পক্ষে। এরপর পিএসজিদের যোগ দেন মেসি।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

নিউজিল্যান্ডের সেই সিদ্ধান্তের সমালোচনা করে আফ্রিদি বলেন, ‘আমার কথা হলো— এমন ছোট ছোট বিষয়ের ওপর, মিথ্যা ই-মেইলের ওপর ভরসা করে যদি সফর বাতিল করে দেন, তা হলে তো আপনি তাদের জিততে সুযোগ দিচ্ছেন। এটি মোটেও সঠিক পথ নয়।

সাবেক পাক অলরাউন্ডার বলেন, ‘যদি বৃহৎ স্বার্থের কথা ভাবি, আমাদেরও সামনে এমন কিছু সিদ্ধান্ত নিতে হবে, যাতে সবাই বুঝতে পারে আমরাও একটি দেশ এবং আমাদের সম্মান রয়েছে। করোনা পরিস্থিতিতে ইংল্যান্ডে ট্রেনের মধ্যে জঙ্গি হামলা হয়েছিল, ক্রিকেট কিন্তু চালু ছিল।’

তথ্যসূত্র: ডব্লিউআইওএন, হিন্দুস্তান টাইমস

বিসিবির নির্বাচনে উত্তেজনা, সুজনের প্রতিদ্বন্দ্বী ফাহিম

আগামী ৬ অক্টোবর অনুষ্ঠিত হবে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) নির্বাচন। এ নিয়ে তোড়জোড় শুরু হয়ে গেছে আরো আগেই।এবারের নির্বাচনের চমক হিসেবে এসেছেন জাতীয় দলের সাবেক উইকেটকিপার খালেদ মাসুদ পাইলট। বিসিবি পরিচালক পদে শুক্রবার মনোনয়ন তুলেছেন। সেই চমকের রেশ কাটাতে না কাটতেই নির্বাচনের মাঠে উত্তেজনা-উত্তাপ ছড়ালেন ক্রিকেট পরামর্শক নাজমুল আবেদীন ফাহিম। প্রথমবারের মতো বিসিবির নির্বাচনে আসছেন তিনি। তাও আবার লড়বেন ক্রিকেটের জনপ্রিয় ও আলোচিত মুখ খালেদ মাহমুদ সুজনের বিরুদ্ধে।

অনেকের ধারণা ছিল, এবারও ক্যাটাগরি-৩ থেকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় পরিচালক নির্বাচিত হবেন খালেদ মাহমুদ সুজন। কিন্তু সবাইকে চমকে দিয়ে মনোনয়ন তুললে ফাহিম।

বিষয়টি গণমাধ্যমকে নিজেই নিশ্চিত করে নাজমুল আবেদীন ফাহিম বলেছেন, ‘এবার আমি নির্বাচনে আসার সিদ্ধান্ত নিয়েছি। নমিনেশন ফর্ম তুলতে আজ বিসিবিতে এসেছি।’

নাজমুল আবেদীন ফাহিম বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে কাউন্সিলরশিপ নেওয়া সংগঠক। বাংলাদেশের ক্রিকেটের ‘ফাহিম স্যার’ হিসেবে সুপরিচিত তিনি।

নেপালে কেন খেলতে যাচ্ছেন তামিম, জানালেন বিসিবির চিকিৎসক

জিম্বাবুয়ে সফরে ওয়ানডে সিরিজে স্বাগতিকদের হোয়াইটওয়াশ করার পর থেকে ক্রিকেটের বাইরে তামিম ইকবাল।

ঘরের মাঠে খেলেননি দুই-দুটি সিরিজ (অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড)। এর পর টি-টোয়েন্টি বিশ্বকাপ থেকেও নিজেকে সরিয়ে নিলেন।

প্রশ্ন উঠেছিল— ইনজুরির কারণে চিকিৎসকরা যে তাকে বিশ্রামের পরামর্শ দিয়েছিলেন, সেটি মানতেই কি বিশ্বকাপে যেতে চাইছেন না তামিম!

কিন্তু দেখা গেল বিশ্বকাপের আগেই নেপালের এভারেস্ট প্রিমিয়ার টি-টোয়েন্টি লিগে (ইপিএল) খেলার জন্য মাঠে ঘাম ঝরাচ্ছেন তামিম।

তামিম অবশ্য জানিয়েছিলেন, দীর্ঘসময় বিরতির পর হঠাৎ করে ক্রিকেটের এই ক্ষুদে সংস্করণের বিশ্বকাপ স্কোয়াডে ঠাঁই পেতে চান না তিনি। জাতীয় দলে জায়গা পেতে সংগ্রাম করে যাওয়া তরুণদের জন্য জায়গা ছেড়ে দিয়েছেন তিনি।

এর পরও বিশ্রাম শেষে তামিমের মাঠে ফেরা ও বিশ্বকাপ রেখে নেপালে খেলতে যাওয়া নিয়ে আলোচনা-সমালোচনা থামছেই না।

যে কারণে এবার বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) প্রধান চিকিৎসক দেবাশীষ চৌধুরী জানিয়েছেন, কী কারণে নেপালে ক্রিকেট খেলতে যাচ্ছেন তামিম?

পুনর্বাসনের অংশ হিসেবে নেপালে এভারেস্ট লিগে খেলবেন তামিম— এমনটিই জানালেন বিসিবির প্রধান চিকিৎসক।

গণমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে দেবাশীষ বলেন, ‘সেখানে খেলার মধ্যে তামিমের অবস্থা বোঝা যাবে। আমরা বুঝতে পারব পরবর্তী সময়ে তাকে কী চিকিৎসা দিতে হবে। এখন পর্যন্ত তামিম আত্মবিশ্বাস পাচ্ছে। স্কিল ট্রেনিং সে করতে পারছে। কিন্তু খেলার ব্যাপারটি অন্যরকম। যতক্ষণ ও আসল খেলার মধ্যে না আসবে, ততক্ষণ নিজেকে ঠিকমতো বুঝতে পারবে না।’

নেপালে খেলার ছাড়পত্র পেলেন তামিম ইকবাল

টি ২০ বিশ্বকাপ থেকে নিজেকে সরিয়ে নেওয়া তামিম ইকবাল আসন্ন এভারেস্ট প্রিমিয়ার টি ২০ লিগে খেলার ছাড়পত্র পেয়েছেন।নেপালের এই টি ২০ টুর্নামেন্টে ভৈরাওয়া গ্ল্যাডিয়েটর্সের খেলার জন্য বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) অনাপত্তিপত্র দিয়েছে এই বাঁ- হাতি ওপেনারকে।

হাঁটুর ইনজুরি থেকে সেরে উঠতে দুই মাস পুনর্বাসন প্রক্রিয়ায় থাকার পর এই টুর্নামেন্টে খেলার মধ্য দিয়ে প্রতিযোগিতামূলক ক্রিকেটে ফিরবেন তামিম।

ইনজুরির দরুন জিম্বাবুয়ে, অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডের বিপক্ষে টানা তিনটি টি ২০ সিরিজ মিস করা তামিম নেপালের টুর্নামেন্টের জন্য গত রোববার মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে অনুশীলন শুরু করেন।

বিসিবির প্রধান চিকিৎসক দেবাশীষ চৌধুরী ক্রিকেটবিষয়ক ওয়েবসাইট ক্রিকবাজকে বলেছেন, টুর্নামেন্ট শুরুর আগে তামিম পুরোপুরি ফিট হয়ে উঠবেন বলে তিনি আশা করছেনে। ২৫ সেপ্টেম্বর শুরু হওয়ার কথা এভারেস্ট প্রিমিয়ার টি ২০ লিগ।

[redacted]

[redacted]

তারা পাকিস্তানে আন্তর্জাতিক ক্রিকেট ফেরাতে টানা কাজ করে যাচ্ছে।

২০০৯ সালে শ্রীলঙ্কার ক্রিকেট দলের টিম বাসে বন্দুকধারীদের হামলার পর ছয় বছর পাকিস্তানে কোনও আন্তর্জাতিক ক্রিকেট আয়োজিত হয়নি।

পাকিস্তান সংযুক্ত আরব আমিরাতেই তাদের সব ঘরের মাঠের ম্যাচ খেলেছে।

২০১৫ সালে দলগুলো পাকিস্তান যাওয়া শুরু করে।

২০১৯ সালে শ্রীলঙ্কার বিপক্ষে পাকিস্তান ১০ বছর পর নিজেদের মাঠে টেস্ট ক্রিকেট খেলে।

পাকিস্তানে নিউজিল্যান্ড ক্রিকেট দলকে যে নিরাপত্তা দেয়া হচ্ছিল, তা দেশটিতে একজন রাষ্ট্র প্রধানকেই দেয়া হয়।

ইংল্যান্ডের বেশ কজন ক্রিকেটার এবছর পাকিস্তান সুপার লিগ খেলতে গিয়েছিল দেশটিতে।

চলতি বছরের শুরুতে দক্ষিণ আফ্রিকাও পাকিস্তানে সফর করেছে।

পাকিস্তানে এশিয়ার বাইরে থেকে দুটি নারী দল খেলতে গিয়েছে- ওয়েস্ট ইন্ডিজ ও নেদারল্যান্ডস।

এছাড়া ২০১৯ সালের শেষদিকে বাংলাদেশের পুরুষ ক্রিকেট দল পাকিস্তানে ক্রিকেট সিরিজ খেলতে গিয়েছিল।

পাকিস্তান ক্রিকেট বোর্ডের চেয়ারম্যান রমিজ রাজা বিবিসিকে বলেছেন, এটা অবাস্তব। আমরা আন্তর্জাতিক ক্রিকেট আয়োজনের পথ থেকে দূরে সরে যাচ্ছি। রমিজ রাজা নিজের হতাশার কথা জানিয়েছেন, বলেছেন ভক্তরাও এখন খুবই হতাশ। এখন ইংল্যান্ডের পাকিস্তান সফর করা প্রয়োজন ছিল বলেন তিনি।

তিনি বলেন, ক্রিকেটে খুবই ছোট একটা পরিবার। আমরা আশা করছিলাম ইংল্যান্ড আরেকটু বুঝদার হবে। আমরা কষ্ট পেয়েছি, কিন্তু এখন সামনে এগিয়ে যাব।

ইংল্যান্ডের সাবেক অধিনায়ক মাইকেল ভন একটি টুইট বার্তায় লিখেছেন, ‘পাকিস্তান সফর থেকে সরে আসার সিদ্ধান্তই আসতো। নিরাপত্তা নিয়ে

যে উদ্বেগ দেখা গেছে সেখানে এটাই স্বাভাবিক সিদ্ধান্ত। আমি অবাক হচ্ছি এই সিরিজটি আরব আমিরাতে কেন আয়োজন করা হল না। আশা করি পরিস্থিতি বদলাবে এবং দলগুলো পাকিস্তান সফরে যাবে।’

পাকিস্তান ২০২০ ও ২০২১ সালে ইংল্যান্ড সফর করেছিল কঠিন বায়ো বাবলের মধ্যে।

২০২০ সালে বিশেষত, যখন করোনাভাইরাস মহামারি ছিল তুঙ্গে।

নিউজিল্যান্ডের সরকার পাকিস্তানে নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করার পর নিউজিল্যান্ডের ক্রিকেট বোর্ড এই সফর বাতিল করেছে।

নিউজিল্যান্ড প্রায় ১৮ বছর পরে পাকিস্তানে আন্তর্জাতিক ক্রিকেট দল পাঠিয়েছে সম্প্রতি, কিন্তু প্রথম ওয়ানডে শুরু হওয়ার কুড়ি মিনিট আগে নিরাপত্তা ঝুঁকির কথা বলে তারা দল সরিয়ে নিয়েছে এবং সিরিজটি বাতিল হয়েছে।

তিনটি ওয়ানডে ম্যাচ ও ৫টি টি-টোয়েন্টি ম্যাচ খেলার কথা ছিল এই সফরে।

রমিজ রাজা বলেছেন, যখন পশ্চিমা দেশগুলোকে আমাদের প্রয়োজন তখন তারা আমাদের সাথে নেই। নিরাপত্তা বিশ্বের যে কোনও দেশে একটা উদ্বেগের বিষয়। যেভাবে পশ্চিমা দেশগুলো পরিস্থিতি সামাল দিচ্ছে তাতে আমরা একঘরে বোধ করছি। তারা মানসিক ক্লান্তির কথা বলতে পারে কিন্তু সেটাও পর্যাপ্ত না।

২০২২ সালের শেষে পাকিস্তানে ইংল্যান্ডের তিনটি টেস্ট ম্যাচ খেলার কথা রয়েছে।

ইংল্যান্ড ক্রিকেট বোর্ড ‘২০২২ সালে পাকিস্তান সফরের যে অঙ্গীকার ছিল সেগুলোতে জোর দিচ্ছে’ বলে জানাচ্ছে।

92
Shares
facebook sharing buttonmessenger sharing buttontwitter sharing buttonwhatsapp sharing buttonlinkedin sharing button
যুগান্তর ইউটিউব চ্যানেলে সাবস্ক্রাইব করুন

আরও খবর
কেকেআর

কোহলিদের বিপক্ষে কলকাতার বড় জয় বসুন্ধরা
রেকর্ড গড়ে লিগ চ্যাম্পিয়ন বসুন্ধরা
ভারতীয় ক্রিকেট বোর্ড লোগো
ঘরোয়া ক্রিকেটারদের বেতন বাড়াচ্ছে ভারত
বেঙ্গালুরু
৯২ রানেই গুঁড়িয়ে গেল কোহলিরা
ওয়াসিম খান
‘ক্রাইস্টচার্চে সন্ত্রাসী হামলার পরও আমরা নিউজিল্যান্ডে গিয়েছি, অথচ তারা …’
পাকিস্তান ক্রিকেট দল
সিরিজ বাতিল হওয়ায় পাকিস্তানের ক্ষতি ১৩ কোটি টাকা
Sponsored Content
Recommended by
Invest in Amazon and others with only 200$ from Dhaka for an extra income
Invest in Amazon and others with only 200$ from Dhaka for an extra income
marketingvici.com
Dwayne ‘The Rock’ Johnson Buys Georgia Farm – The Home Was Built For Mr. Johnson’s Family
Dwayne ‘The Rock’ Johnson Buys Georgia Farm – The Home Was Built For Mr. Johnson’s Family
Mansion Global
A developer’s guide to attacker motivation in the supply chain A developer’s guide to attacker motivation in the supply chain TechBeacon
Barack and Michelle Obama Reportedly Close Deal for $11.75 Million Martha’s Vineyard Estate
Barack and Michelle Obama Reportedly Close Deal for $11.75 Million Martha’s Vineyard Estate
Mansion Global
You will be breached, so modernize your data protection
You will be breached, so modernize your data protection TechBeacon
David and Victoria Beckham Buy Full-Floor Penthouse in Miami David and Victoria Beckham Buy Full-Floor Penthouse in Miami

Mansion Global

সর্বশেষ
সর্বাধিক পঠিত
ইউরোপিয়ান পার্কের উদ্বোধন
ময়মনসিংহে ‘ইউরোপিয়ান পার্ক’ করলেন কণ্ঠশিল্পী সালমা শামীমা-রাসেল
ইভ্যালির রাসেল দম্পতিকে আরও ৭ দিনের রিমান্ডে চায় পুলিশ
বগি লাইনচ্যুত
বগি লাইনচ্যুত, ঢাকার সঙ্গে সারা দেশের রেল যোগাযোগ বন্ধ
৩৫ বছর পরে বাচ্চা নিলে মায়ের ও বাচ্চার কিছু সমস্যা দেখা দিতে পারে।
৩৫ বছরের পর সন্তান নিলে যেসব ঝুঁকি, জেনে নিন করণীয়
জালাল
সাবেক কোচ জালাল আহমেদ আর নেই
ফাইল ছবি
আখাউড়ায় ট্রেনে কাটা পড়ে যুবকের মৃত্যু
মৌমাছির দংশনে মারা গেল বিলুপ্তপ্রায় অর্ধশতাধিক পেঙ্গুইন মৌমাছির দংশনে মারা গেল বিলুপ্তপ্রায় অর্ধশতাধিক পেঙ্গুইন গোলকিপারস অ্যাওয়ার্ড ফাইরুজ ফাইজা বিথার
আন্তর্জাতিক অ্যাওয়ার্ড পেলেন বাংলাদেশি তরুণী ফাইরুজ
সব খবর

কোহলির সিদ্ধান্ত নিয়ে যা বললেন ব্রায়ান লারা

টি-টোয়েন্টি বিশ্বকাপ পর্যন্ত ক্রিকেটের এই ক্ষুদ্রতম সংস্করণের অধিনায়ক থাকবেন। এর পর নেতৃত্ব ছেড়ে দেবেন বলে আনুষ্ঠানিক ঘোষণা দিয়েছেন ভারত দলের অধিনায়ক বিরাট কোহলি।

গত বৃহস্পতিবার কোহলির এ ঘোষণায় অবাক হয়েছেন ক্রিকেট সংশ্লিষ্ট অনেকেই। তাদের মধ্যে রয়েছেন ক্যারিবীয় কিংবদন্তি ব্রায়ান লারাও।

ক্রিকেট ডটকমের সঙ্গে শনিবার ভার্চুয়াল সাক্ষাৎকারের সময় লারা বলেন, ‘কোহলির এ সিদ্ধান্ত শুনে আমি বিস্মিত হয়েছিলাম। আমি মনে করি সে (কোহলি) অসাধারণ অধিনায়কত্ব করেছে। দক্ষিণ আফ্রিকা, ইংল্যান্ড, নিউজিল্যান্ড, অস্ট্রেলিয়ার মতো বড় দলগুলোর বিপক্ষে টিম ইন্ডিয়াকে জিতিয়েছে সে। আর অধিনায়ক হিসেবে প্রথম টি-টোয়েন্টি বিশ্বকাপ খেলবে সে। এটা দিয়েই টি-টোয়েন্টি অধিনায়কের ক্যারিয়ার শেষ হবে তার। এটি তো নড়েচড়ে বসার মতো খবর। ’

তবে ক্যারিবীয় কিংবদন্তি মনে করছেন, নিজের ও দলের ভালোর কথা ভেবেই এমন সিদ্ধান্ত নিয়েছেন কোহলি।

লারা যোগ করেন, ‘আসলে সব সংস্করণে কোহলি যে ধরনের মানসিকতা নিয়ে খেলে, আমি মনে করি, মাঝে মাঝে এক ধাপ দূরে সরে যাওয়াটা হয়তো ভালোও হতে পারে। সে ক্ষেত্রে অন্য সংস্করণে আরও বেশি মনোযোগ দিতে পারবে ও।’

কোহলির এমন সিদ্ধান্তের সঙ্গে নিজের খেলোয়াড়ি জীবনকে মেলান ব্রায়ান লারা।

বলেন, ‘খেলোয়াড়ি জীবনে আমাকেও এসব সমস্যার মুখোমুখি হতে হয়েছিল; যার কারণে আমি বেশ কয়েকবার অধিনায়কত্ব থেকে সরে দাঁড়িয়েছিলাম। কারণ এটি খুব, খুব চাপ হয়ে যাচ্ছিল। আমি নিশ্চিত সিদ্ধান্তটি শুধু কোহলির ব্যক্তিগত নয়। এটি এমন একটি সিদ্ধান্ত, যা ভারতীয় ক্রিকেটকেও সাহায্য করবে।’